

198

দৈনিক ইত্তেফাক

তারিখ ২৩ JUN 1995

পৃষ্ঠা ৩ কলাম ৩

ঢাকা ভাসিটি শিক্ষক সমাবেশ

অনার্স কোর্স ৪ বছরে
অথবা মাস্টার্স
২ বছরে উন্নীত হইবে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥
ঢাকা বিশ্ববিদ্যালয়ে একাডেমিক
ক্যালেন্ডার প্রবর্তনের দ্বিতীয় বর্ধ-
পত্তি উপলক্ষে গত বৃহস্পতি
টিএসসি মিলনায়তনে এক শিক্ষক
সমাবেশের আয়োজন করা হয়।
(শেষ পঃ ৬-এর কঃ ৩ঃ)

অনার্স কোর্স

(১ম পূঃ পর)

সমাবেশে ভিসি প্রফেসর এমাজ-
উদ্দিন আহমদ বলেন, অনার্স
ও মাস্টার্স কোর্সকে বিশ্বমানের
উন্নীত করার লক্ষ্যে আসন্ন শিক্ষা
বর্ষ হইতে বিশ্ববিদ্যালয়ে সমন্বিত
শিক্ষা পদ্ধতি চালু হইতে বাইতেছে।

বিশ্বের বিভিন্ন উন্নত দেশে আমা-
দের ডিগ্রীর মান নিয়া প্রশ্ন তোলা
হয়। ইউরোপ ও উত্তর আমেরি-
কায়—আমাদের মাস্টার্স ডিগ্রীকে
স্বীকার করা হয় না। আমাদের
পরিকল্পিত ব্যবস্থার সন্ধান পর্যায়কে
৪ বছরে অথবা মাস্টার্সকে ২
বছরে উন্নীত করা হইবে। তিনি
বলেন, আমাদের মূল সমস্যা
হইতেছে সত্রাস ও সেশনজট।
সেশনজট ইতিমধ্যে বহুলাংশে
হাস পাইয়াছে আর সত্রাসরূপী
দানবের প্রকোপও অনেকটা নিমূল
হইয়াছে। ভিসি বলেন, আগামী
শিক্ষাবর্ষ হইতে প্রথমবারের মত
শিক্ষকদের কাজের মূল্যায়ন
করিয়া বিশ্ববিদ্যালয়ে এওয়ার্ড
প্রদান করা হইবে এবং প্রতি
বছর ১০ জন তরুণ মেধাবী
শিক্ষককে উচ্চ শিক্ষার্থে বিদেশে
পাঠানোর পরিকল্পনা রহিয়াছে।